

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ধামইরহাট, নওগাঁ।
www.dhamoirhat.naogaon.gov.bd

স্মারক নম্বর- ৩১.৪৩.৬৪২৮.০০১.০১.০৩৪.২৩- ৩৭২

তারিখ: ১৯/০৩/১৪৩০ বঙ্গাব্দ
০৩/০৭/২০২৩ খ্রিষ্টাব্দ

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০ (বিশ) একর পর্যন্ত বদ্ধ সরকারি জলমহাল/খাস পুকুরসমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক এবং ২০ (বিশ) একরের উর্ধ্বের বদ্ধ জলমহালসমূহ জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ৩(তিন) বছরের জন্য কিংবা ২০(বিশ) একরের উর্ধ্বের বদ্ধ জলমহালসমূহ উন্নয়ন প্রকল্পের আওতায় ৬(ছয়) বছরের জন্য কোন প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন/প্রতিষ্ঠানকে কিংবা নীতির ৪(খ) তে বর্ণিত একক সমিতিতে ইজারা প্রদান করা হয়ে থাকে। কোন সরকারি জলমহাল (২০ একর পর্যন্ত কিংবা ২০ একরের উর্ধ্বের) কোন যুক্তিসঙ্গত কারণে ইজারা না হলে নীতির ১৬ নং ক্রমিকের বিধান অনুযায়ী উক্ত জলমহাল বন্দোবস্ত না হওয়া পর্যন্ত খাস কালেকশনের মাধ্যমে রাজস্ব আদায় কার্যক্রমের অন্তর্ভুক্ত থাকে।

এমতাবস্থায়, ধামইরহাট উপজেলার কোন বদ্ধ সরকারি জলমহাল নীতি মোতাবেক ইজারা গ্রহণ কিংবা খাস কালেকশনের মাধ্যমে সরকারি রাজস্ব প্রদান ব্যতীত কোন মৎস্যজীবী/অন্য কোন সমবায়/সংগঠন/প্রতিষ্ঠান/ব্যক্তি কর্তৃক স্বয়ং কিংবা অন্য কারো মাধ্যমে/সাহায্যে/প্ররোচনায় অবৈধভাবে মৎস্যচাষ বা কোন লাভজনক উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না। এ আদেশ অমান্যকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৩/০৭/২৩

(মোঃ আরিফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি
ধামইরহাট, নওগাঁ

অনুলিপিঃ সদয় অবগতি জন্য:-

- ০১। জেলা প্রশাসক, নওগাঁ।
- ০২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নওগাঁ।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধামইরহাট, নওগাঁ
- ০৪। চেয়ারম্যান, ইউপি (সকল), ধামইরহাট, নওগাঁ।
- ০৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ধামইরহাট, নওগাঁ।

(গণ বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য নির্দেশনা দেয়া হলো)

০৬। অফিস কপি।